



বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

কৃষিই সমৃদ্ধি

নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

স্মারক নং-১২.২০.০০০০.০০৪.০১৪.১৬.১১-২৭৮৭

তারিখ: ২৭/১১/২০২৩ খ্রি.

বিষয়: PARTNER প্রকল্পের আওতায় GAP বাস্তবায়নে GAP ফ্যাসিলিটি/প্যাকহাউস/মডেল ফার্ম তৈরির নিমিত্ত কমিটির বিজ্ঞানী/কর্মকর্তা মনোনয়ন প্রসঙ্গে।

সূত্রঃ বাংলাদেশ উত্তম কৃষি চর্চা ২০২০ বাস্তবায়নে গঠিত স্টিয়ারিং কমিটি'র ৫ম সভার কার্যবিবরণী; তারিখ: ৩০-১০-২০২৩ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, গত ৩০ অক্টোবর, ২০২৩ তারিখে 'বাংলাদেশ উত্তম কৃষি চর্চা নীতিমালা-২০২০' বাস্তবায়নে গঠিত স্টিয়ারিং কমিটির ৫ম সভায় GAP ফ্যাসিলিটি/প্যাকহাউস/মডেল ফার্ম তৈরির নিমিত্ত কমিটি গঠন করা হয়। PARTNER প্রকল্পের অর্থায়নে GAP Protocol ভেলিডেশনের নিমিত্ত GAP ফ্যাসিলিটি/প্যাকহাউস/মডেল ফার্ম তৈরির জন্য গঠিত কমিটিতে প্রতিনিধির অনুকূলে আপনার প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট একজন বিজ্ঞানী/কর্মকর্তা মনোনয়ন প্রদান করা প্রয়োজন।

এমতাবস্থায়, উল্লেখিত কমিটিতে আপনার প্রতিষ্ঠান হতে একজন প্রতিনিধি মনোনয়নপূর্বক (নাম, পদবী, মোবাইল ও ই-মেইল) আগামী ২৬ নভেম্বর, ২০২৩ তারিখের মধ্যে বিএআরসিতে (md.crops@barc.gov.bd; zakiah@barc.gov.bd) প্রেরণের অনুরোধ করা হলো। বিষয়টি অতীব জরুরি।

কমিটির কার্যপরিধি:

- ১। Bangladesh GAP Standard অনুযায়ী GAP ফ্যাসিলিটি/প্যাকহাউস/মডেল ফার্ম তৈরির নিমিত্ত টেকনিক্যাল স্পেসিফিকেশন প্রণয়ন;
- ২। প্যাকহাউস/মডেল প্যাক এর ডিজাইন ও ড্রইং প্রণয়ন;
- ৩। টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করার সকল ডকুমেন্ট প্রস্তুতকরণ।

(ড. শেখ মোহাম্মদ বখতিয়ার)
নির্বাহী চেয়ারম্যান

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, মতিঝিল, ঢাকা।
- ২। মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, হর্টিক্স ফাউন্ডেশন, সেচভবন, মানিকমিয়া এভিনিউ, ঢাকা।
- ৪। পরিচালক (কম্পিউটার ও জিআইএস) বিএআরসি, ফার্মগেট, ঢাকা (ওয়েবসাইটের বাংলাদেশ GAP এর বাস্তবায়িত অংশে আপলোডের অনুরোধসহ)।
- ৫। অফিস কপি।